APR 22 2002

তারিখ ...........................
পৃষ্ঠা ...৬... কলাম ... ৬......

দৈনিক ইত্তেফাক

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের আহবানে ধর্মঘট পালিত

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে গতকাল রবিবার ধর্মঘট পালন করেছে ছাত্রলীগ। ধর্মঘট সত্ত্বেও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম ছিল স্বাভাবিক। শাটল ট্রেন চলাচল স্বাভাবিক থাকলেও ছাত্রছাত্রীদের উপস্থিতি ছিল অন্যান্য দিনের তুলনায় কম। ছাত্রলীগ সূত্র জানায়, বিশ্ববিদ্যালয় প্রশাসন সন্তোষজনক সিদ্ধান্ত নিলে পরবর্তী কর্মসূচী স্থগিত করা হবে। উল্লেখ্য, গত বুধবার এক ছাত্রলীগ নেতাকে শিবির সমর্থকরা মারপিট করার অভিযোগে এই ধর্মঘট আহবান করা হয়।